তারিখ · 08 · JAN · 2016
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# নীলক্ষেতে ঢাবি ছাত্রকে পিটিয়েছে দুর্বৃত্তরা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ছাত্র সোহাগকে বেধড়ক পিটিয়েছে দুর্বৃত্তরা। গতকাল বৃহস্পতিবার রাতে নীলক্ষেত এলাকায় এ ঘটনা ঘটে। পরে গুরুতর আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সোহাগ ছাত্রলীগের চারুকলা অনুষদ শাখার নেতা বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, নীলক্ষেতের কর্মজীবী মহিলা হোস্টেলের সামনের রাস্তা দিয়ে রাত সাড়ে ১০টার দিকে মোটরসাইকেলে ফিরছিলেন সোহাগ। এ সময় আট থেকে ১০ দুর্বৃত্ত তার পথরোধ করে। এরপর লাঠি ও হকিস্টিক দিয়ে তাকে বেধড়ক পেটানো হয়। পরে তাকে রক্তাক্ত অবস্থায় ফেলে রেখে পালিয়ে যায় দুর্বৃত্তরা। আশপাশের লোকজন তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

সোহাগের সহপাঠীরা জানান, বিজয় দিবসে ঢাবির মল চত্বরে কনসার্টের সময় এক বড় ভাইয়ের সঙ্গে সোহাগের বাকবিতণ্ডা হয়। এর জের ধরে গতকাল রাতের হামলা হয়ে থাকতে পারে।